

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সওজ
সড়ক বিভাগ, চুয়াডাঙ্গা।
E-mail: eechu@rhd.gov.bd
ফোন ও ফ্যাক্স : ০২-৪৭৭৭৮৯১৩৯

স্মারক নং-৩৫.০১.১৮০০.৪০৯.৫০.০১০.২৪-২৫৯৬

তারিখঃ- ২০/০৭/২০২৪ খ্রিঃ

“সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকা ভুক্তির বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, চুয়াডাঙ্গা কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের সীমিত দরপত্র পদ্ধতির আওতায় প্রতি ক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীণ কার্য (NCT-works) সম্পাদনের লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্ত/নবায়ন করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সড়ক বিভাগ, চুয়াডাঙ্গা অথবা উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, সড়ক উপ-বিভাগ, চুয়াডাঙ্গা হতে অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। ১০০০.০০ (এক হাজার) টাকার অফেরত যোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, চুয়াডাঙ্গার অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিটের মাধ্যমে ১০০০.০০ (এক হাজার) টাকা পরিশোধ করতঃ আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২৫/০৮/২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে এ অফিসে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য যে, সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তিকরণ দরপত্র আহবান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।

উল্লেখ্য যে, ইতোপূর্বে অত্র দপ্তরের তালিকাভুক্ত ঠিকাদারগণ ২০২৪-২০২৫ অর্থ বছরে লাইসেন্স নবায়ন ফি বাবদ টাকা = ২,০০০/- (দুই হাজার) টাকা + ১৫% ভ্যাটসহ আগামী ২৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা পূর্বক লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হ'ল।



(খন্দকুর গোলাম মোস্তফা)

পরিচিতি নং-৬০২১৩৩

নির্বাহী প্রকৌশলী, সওজ

সড়ক বিভাগ, চুয়াডাঙ্গা।

২০/০৭/২৪